

WELLAND GOULDSMITH SCHOOL, PATULI

CLASS - VI

BENGALI 2ND LANGUAGE

SESSION - 2020-2021

পদ্য-বাবুই পাখিরে ডাকি । কবি- রজনীকান্ত সেন

পদ্যের সারসংক্ষেপ

কবি রজনীকান্ত সেন রচিত ‘বাবুই পাখিরে ডাকি’ এই কবিতায় , বাবুই পাখিকে ডেকে চড়াই পাখি বলে যে, বাবুই পাখি কুঁড়ে ঘরে থেকে শিল্পের বড়াই কেন করে? চড়াই পাখি নিজে অট্টালিকায় থাকে। কিন্তু বাবুই পাখি ঝড় বৃষ্টির মধ্যে লড়াই করে দিন কাটায়। তখন বাবুই পাখি বলে যে, সে কষ্ট করে থাকলেও নিজের গৃহে থাকার আলাদা সুখ। চড়াই পাখি অপরের আশ্রয়ে পাকা বাড়িতে থাকে। সেই বাসাতে থাকায় নিজের কোন সুখ নেই। বাবুই পাখি আরও বলে, নিজের তৈরি কাঁচা ঘরে বাস করা পৃথিবীর সব সুখের থেকে আলাদা এবং তা আনন্দময়।

WELLAND GOULDSMITH SCHOOL, PATULI

CLASS – VI

BENGALI 2ND LANGUAGE

SESSION - 2020-2021

WORKSHEET

ক) অতিসংক্ষিপ্ত প্রশ্নাবলিঃ-

১. কবিতাটি কার লেখা?
২. এটি কি ধরনের কবিতা?
৩. কবিতাটির শুরুতে কে কাকে ডেকে কথা বলেছে?
৪. নিজের হাতে কে বাসা তৈরি করে?
৫. কে পরের বাড়িতে থাকে?

খ) সংক্ষিপ্ত প্রশ্নাবলিঃ-

১. চড়াই পাখি বাবুই পাখিকে কি বলেছে?
২. চড়াই পাখির কথার কি জবাব দিয়েছে বাবুই পাখি?
৩. বাবুই পাখি কুঁড়ে ঘরে থেকে কি কি অসুবিধা ভোগ করে?

গ) নৈর্ব্যক্তিক প্রশ্নাবলিঃ-

১) শূন্যস্থান পূরণ করঃ-

আমি থাকি মহাসুখে ___ পরে,

তুমি কত কষ্ট পাও রোদ, বৃষ্টি ___।

বাবুই হাসিয়া কহে, ___কী তায়?

___ পাই, তবু থাকি ___ বাসায়।

ঘ) ব্যাকরণ ভিত্তিক প্রশ্নাবলিঃ-

১. বিপরীত শব্দ লেখোঃ

কাঁচাঘর, গড়া, মহাসুখে, কষ্ট, পরের, কুঁড়েঘর।

২. নীচের বাক্যগুলির থেকে রেখাঙ্কিত পদগুলির নাম লেখো।

ক) বলিছে চড়াই।

খ) আমি থাকি অট্টালিকা পরে।

গ) নিজ হাতে গড়া মোর কাঁচাঘর খাসা।